

# Times Today BD

ডেস্ক রিপোর্ট | ঢাকা | 03 April, 2025

মুন্সীগঞ্জের গজারিয়ায় মেঘনা ব্রিজ এলাকায় ঘুরতে গিয়ে বন্ধুদের সঙ্গে ছবি তুলতে যান এক কলেজ ছাত্র। পরে নদীতে গোসল করতে নেমে তিনি নিখোঁজ হন।

নিখোঁজ শিক্ষার্থীর নাম ফারুক হোসেন (২০)। তিনি নারায়ণগঞ্জের সানারপাড় এলাকার বাসিন্দা আতিক হোসেনের ছেলে। ফারুক নারায়ণগঞ্জ সরকারি তোলারাম কলেজ থেকে এইচএসসি পাস করে বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়ার প্রস্তুতি নিচ্ছিলেন। গতকাল বুধবার বিকেল সাড়ে ৪টার দিকে গজারিয়ার তেঁতৈতলা এলাকায় এ দুর্ঘটনা ঘটে। ফারুকের বাবা আতিক হোসেন জানান, তার ছেলে ভালো সাঁতার জানতেন না। এখন তিনি কেবল তার সন্তানের মরদেহ ফিরে পাওয়ার অপেক্ষায় আছেন।

ফায়ার সার্ভিসের ডুবুরি দলের ইনচার্জ আবুল খায়ের জানান, নিখোঁজ কলেজছাত্রকে উদ্ধারে ঢাকা থেকে পাঁচ সদস্যের একটি ডুবুরি দল এবং সোনারগাঁও থেকে সাতজনের একটি উদ্ধার দল দুই ঘণ্টা ধরে অভিযান চালায়। তবে রাত হয়ে যাওয়ায় অভিযান সাময়িকভাবে বন্ধ রাখা হয়েছে। আগামীকাল পুনরায় উদ্ধার কাজ শুরু হবে। এ বিষয়ে গজারিয়া নৌ পুলিশ ফাঁড়ির ইনচার্জ মো. মাহাবুব আলম জানান, ঘটনাস্থলে পুলিশের একটি দল পাঠানো হয়েছে এবং উদ্ধার কার্যক্রম অব্যাহত রয়েছে।

নিখোঁজ নদী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 07:19

URL: <https://www.timestodaybd.com/dhaka/645937258>